দৈনিক সংবাদ

তারিখ FEB 27 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

ফুলবাড়ি ঃ থানা নির্বাহী অফিসারের সিল ও স্বাক্ষর জাল

# শিক্ষক নিয়োগে দুর্নীতির দায়ে মাদ্রাসা সুপার জেলহাজতে

ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা ঃ থানা নির্বাহী অফিসারের স্বাক্ষর জাল করে শিক্ষক নিয়োগ করায় মাদ্রাসা সুপার এখন জেল হাজতে। এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে ফুলবাড়ি থানার পার্শ্ববর্তী ঘোড়াঘাট থানায়।

ঘটনার বিবরণে প্রকাশ, গত ১০ মাস আগে ফুলবাড়ি থানার পার্শ্ববর্তী ঘোড়াঘাট থানার কলাবাড়ি মাদ্রাসায় ১ জন শিক্ষক নিয়োগের জন্য সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী মাদ্রাসার সভাপতি ও ঘোড়াঘাট থানা নির্বাহী কর্মকর্তাসহ ম্যানেজিং কমিটির সদস্যদের উপস্থিতিতে প্রার্থীদের নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং জনৈক প্রার্থীকে নিয়োগের জন্য মনোনীত করা হয়। কিন্তু উক্ত মাদ্রাসার সুপার নির্বাচনী বোর্ডের মনোনীত প্রার্থীকে বাদ দিয়ে তার নিজস্ব মনোনীত প্রার্থী একরামুল হককে মোটা অঙ্কের অর্থের বিনিময়ে অত্যন্ত গোপনে থানা নির্বাহী অফিসারের স্বাক্ষর ও সিল জাল করে নিয়োগপত্র প্রদান করেন। বিষয়টি থানা নির্বাহী কর্মকর্তা জানতে পেরে গত ১৪ই ফেব্রুয়ারি থানা পরিষদে উক্ত থেকে মাদ্রাসার শিক্ষকদের এক সভা আহ্বান করেন। সভায় নির্বাহী কর্মকর্তা বিষয়টি উত্তাপন করে নথিপত্র যাচাই করলে ঘটনার সত্যতা ধরা পড়ে।

এ ব্যাপারে থানা নির্বাহী কর্মকর্তা ঘোড়াঘাট থানায় ১টি মামলা দায়ের করলে থানা পুলিশ উক্ত মাদ্রাসার সুপার হেলাল উদ্দিনকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করে।